

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.১৩৪.২০১৭- ৩১১৬


তারিখ : ৩/৫/১৭

বিষয় : রীট পিটিশন নং-২৯৩৮/২০১৭, বাদী জনাব এ.কে.এম. নজরুল ইসলাম ও অন্যান্য, পিতা-মৃত-ড. নুরুল হক, প্লট নং-৯, ব্লক-কে, রোড নং-২৭, থানা-বনানী, ঢাকা, আম মোজার বলে জনাব মুসতোফা কামাল, পিতা-মৃত-ড. নুর হক, বাড়ি নং-৯৩/১/সি, রুপায়ন গার্ডেন, রোড নং-৮, থানা-গুলশান, জেলা-ঢাকা - বনাম-সরকার ও অন্যান্য।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন বনানী আবাসিক এলাকার প্লট নং-৯, রোড নং-২৭, ব্লক নং-কে, এ অবস্থিত বাদীর ব্যবসা প্রতিষ্ঠান উচ্ছেদ না করার দাবীতে রীট পিটিশন নং-২৯৩৮/২০১৭ দায়ের করা হয়েছে। মাননীয় আদালত ০৬(ছয়) মাসের জন্য বাদীর শান্তিপূর্ণ দখলে বিঘ্ন সৃষ্টি না করার আদেশসহ রুল ইস্যুপূর্বক সচিব মহোদয়সহ বিবাদীগণকে জবাব দাখিলের জন্য নির্দেশ দিয়েছেন। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী ঘটনার বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


(মোহাম্মদ শফিউল আরিফ)
উপসচিব (আইন-১)
ফোন-৯৫৪০৯৯৫।

প্রধান নির্বাহী কর্মকর্তা

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। উপসচিব (সিটি কর্পোরেশন-১ শাখা) স্থানীয় সরকার বিভাগ। (দফাওয়ারী জবাব সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি।